SET - 2

MODEL QUESTION, 2018

Subject : BANGLA

Class - X

Group - A

সঠিক উত্তরটি বেছে নাও ঃ (1 x 50 = 50)

1. নোবেল পুরস্কার পাবার সংবাদ প্রাপ্তির সময়ে রবীন্দ্রনাথ কোথায় ছিলেন ?
   A. জোড়াসাঁকো, B. শান্তিনিকেতন,
   C. শিলাইদহ, D. দার্জিলিং ।
2. অ্যাংলো ইন্ডিয়ানদের জাতীয় ধর্ম প্রতিষ্ঠান কী ছিল ?
   A. অ্যাংলিকান চার্চ, B. স্কটিস চার্চ,
   C. আমেরিকান চার্চ, D. বিশপ চার্চ ।
3. পন্ডিত রবিশংকর আলাউদ্দীন খানের থেকে কোন বাদ্যেযন্ত্র শিখেছিলেন ?
   A. বাঁশি, B. বেহালা,
   C. সেতার, D. সরোদ ।
4. কবি কখন গ্রামের ঘাটে বোট লাগাতেন ?
   A. বিকেলে, B. সকালে,
   C. সন্ধ্যায়, D. রাত্রে ।
5. নীলুর কিসের অপারেশন হওয়ার কথা ছিল ·
   A. হার্টের, B. পায়ের,
   C. অ্যাপেন্ডিসাইটিসের, D. কিডনির ।
6. 'গহন বনের গল্প' বইটির লেখক কে ·
   A. প্রিয়দর্শন মিত্র, B. নারায়ণ গঙ্গোপাধ্যায়,
   C. সতীনাথ ভাদুড়ী, D. কালকূট ।
7. কার বৈঠকখানায় বসে গ্রামের ভদ্রলোকেরা সুভাষ - কাকিমা সম্পর্কে আলোচনা করছিলেন ?
   A. সুরেন সরকার, B. দীনেশ রায়,
   C. মনোতোষ, D. গিরীন খুড়ো ।
8. সুভাষ কাকিমাকে শুদ্ধ হবার জন্য কী করতে হবে ?
   A. স্নান, B. কর্তব্য কর্ম,
   C. প্রায়শ্চিত্ত, D. ক্ষমা প্রার্থনা ।
9. 'অমৃতকুম্ভের সন্ধানে'র কোন পরিবারটি যুদ্ধং দেহি অবস্থায় ঝাঁপিয়ে পড়তে প্রস্তুত ছিল ?
   A. মধ্যপ্রদেশের, B. কলকাতার,
   C. বিহারের, D. উত্তরপ্রদেশের ।

Barnali Basak

10. ভারত কোন দেশে খেলতে গিয়েছিল ?

A. আমেরিকা, B. ইংল্যান্ড,

C. অস্ট্রেলিয়া, D. পাকিস্তান ।

11. বিজয় মার্চেন্ট কত রান করেছিলেন ?

A. ১৪০, B. ২৮,

C. ১২০, D. ১২৮ ।

12. নীলু চরিত্রটি আমরা কোন্ পাঠে পাই ?

A. অদ্ভুত যত আউট, B. সেই বইটি,

C. ফাঁসি সেলে বিলু, D. অনাচার ।

13. রাজা বৃজনাথ সিং কোন রাজ্যের রাজা ?

A. মাইহার, B. কলকাতা,

C. মুর্শিদাবাদ, D. দিল্লী ।

14. 'বাতিওয়ালা' গল্পটি কার লেখা ?

A. হরিশংকর পরসাই, B. মুন্সি প্রেমচাঁদ,

C. কালকূট, D. শান্তিপ্রিয় বন্দ্যোপাধ্যায় ।

15. বদরুদ্দীন ওমর রচিত লেখাটি কোনটি ?

A. কবি ও নোবেল পুরস্কার, B. বাঙালী মুসলমানের স্বদেশে প্রত্যাবর্তন,

C. ফাঁসী সেলে বিলু, D. আলাউদ্দীন খান ।

16. 'বিশ্বাসঘাতক' মানে কী ?

A. বেইমান, B. গরীব,

C. বিশ্বাসী, D. সুবিধাবাদী ।

17. 'আত্মার ভিতরেই টর্চ জ্বলে উঠছে' – উক্তিটি কার ?

A. লেখকের, B. টর্চবিক্রেতার বন্ধুর,

C. জনৈক পথচারীর, D. টর্চবিক্রেতার ।

18. চর্যাপদের পুঁথি কোন ভাষায় রচিত ?

A. পালি ভাষা, B. সংস্কৃত ভাষা,

C. সন্ধা ভাষা, D. বাংলা ভাষা ।

19. বৈষ্ণব সাহিত্য বাংলা সাহিত্যের কোন যুগের রচনা ?

A. প্রাচীন যুগ, B. মধ্য যুগ,

C. অন্তযুগ, D. আধুনিক যুগ ।

20. 'বিসর্জন' নাটকটি কার লেখা ?

A. দ্বিজেন্দ্রলাল রায়, B. বনফুল,

C. গিরিশচন্দ্র ঘোষ, D. রবীন্দ্রনাথ ঠাকুর ।

Barnali Basak

21. হনুমান কার পুত্র ?

A. পঠন, B. সিন্দু,

C. পবন, D. পরশুরাম ।

22. 'অঙ্গুরী' শব্দটির অর্থ কী ?

A. আঙুল, B. আংটি,

C. আগুন, D. আঙুর ।

23. শুভ্র পাষাণ ফলক কার রক্তে লাল হলো ?

A. শ্রীমতী, B. অজাতশত্রু,

C. বিম্বিসার, D. পুররক্ষক ।

24. 'জাত বিচার' কবিতা অনুযায়ী বামন চিনতে কোন প্রমাণ লাগে ?

A. পৈতে, B. টিকি,

C. ধুতি, D. লাল টীকা ।

25. মুকুন্দ দাস রচিত কবিতা কোনটি ?

A. দূষণ হটাও, B. অঙ্গুরী সংবাদ,

C. করমের যুগ এসেছে, D. ভৌগলিক ।

26. 'পথ দেখাবি না' কবিতাটি কার লেখা ?

A. মৃদুল দাশগুপ্ত, B. দেবাঞ্জন সেনগুপ্ত,

C. রবীন্দ্রনাথ ঠাকুর, D. সুভাষ মুখোপাধ্যায় ।

27. 'আমার .....মাকে কখনও আমি মুখ ফুটে বলতে পারিনী' — শূন্যস্থানে সঠিক শব্দটি বসাও ।

A. ভালো লাগার, B. ভালোবাসার,

C. আনন্দের, D. উৎসাহের ।

28. 'কন্যা, তোমার মেঘবরণ কেশ' এ কবি কোন দেশকে ভেসে যাবার কথা বলেছেন ?

A. অঙ্গদেশ, B. কলিঙ্গ দেশ,

C. বঙ্গদেশ, D. শাম্ব দেশ ।

29. কে দুষ্ট মন্ত্রণা দেয় ?

A. কাক, B. কোকিল,

C. শকুন, D. চিল ।

30. 'উজান ডিঙি' কবিতায় কবি কোন দেশের ফেলে আসা দিনগুলোর স্মৃতি রোমন্থন করেছেন ?

A. পূর্ববঙ্গ, B. দক্ষিণ আমেরিকা,

C. মহারাষ্ট্র, D. রেঙ্গুন ।

31. 'অনল' শব্দের অর্থ কী ?

A. আগুন, B. জল,

C. পাহাড়, D. সমুদ্র ।

Baonali Basak

32. 'সামান্য ক্ষতি' তে কোন মাসের এক সকালের ঘটনার কথা বলা হয়েছে ?

A. শ্রাবণ, B. আশ্বিন,

C. কার্তিক, D. মাঘ ।

33. পথিক অকালের পদ্মটি কার চরণে দিতে চেয়েছেন ?

A. রাজার, B. দেবতার,

C. প্রভুবুদ্ধের, D. গুরুর ।

34. রত্নাকর শেঠ চরিত্রটি কথা ও কাহিনীর কোন পাঠটিতে পাও ?

A. মূল্য প্রাপ্তি, B. অপমানবর,

C. নিষ্ফল উপহার, D. নগরলক্ষ্মী ।

35. যদি না ধুলা লাগিবে তব পায়ে, পায়ের ধুলা পাইব কী উপায়ে ? কবিতার পংক্তিটি রবীন্দ্রনাথের কোন কবিতার অংশ বিশেষ ?

A. সামান্য ক্ষতি, B. জুতা আবিষ্কার,

C. মূল্য প্রাপ্তি, D. দুই বিঘা জমি ।

36. রঘুনাথ কার জন্য দুটি বহুমূল্য বলয় উপহার এনেছিলেন ?

A. গুরু, B. বন্ধু,

C. স্ত্রী, D. পুত্র ।

37. 'নিষ্ফল উপহার' কবিতাটি রবীন্দ্রনাথের কোন কাব্যগ্রন্থের ?

A. কথা ও কাহিনী, B. পুনশ্চ,

C. সোনার তরী, D. পূরবী ।

38. কবীরের জন্ম কার ঘরে হয়েছিল ?

A. যবন জোলা, B. ক্ষত্রিয়,

C. ব্রাহ্মণ, D. বৈশ্য ।

39. 'নগরলক্ষ্মী' কবিতায় ভিক্ষু কন্যার নাম কী ?

A. মালতী, B. করুণা,

C. সুপ্রিয়া, D. শ্রীমতী ।

40. দুর্ভিক্ষ পীড়িত শ্রাবস্তীপুরে অন্নদানের ভার কে নিয়েছিল ?

A. সুপ্রিয়া, B. ধর্মপাল,

C. রত্নাকর শেঠ, D. সামন্ত জয়সেন ।

41. 'পৃথিবীর'র সমানার্থক শব্দ কোনটি ?

A. কানন, B. অনল,

C. বসুধা, D. রত্নাকর ।

42. সংখ্যাবাচক শব্দ পূর্বে বসে কর্মধারয় সমাস হলে এবং পদটি সমষ্টির অর্থ বোঝালে, তাকে কোন সমাস বলে ?

A. কর্মধারয়, B. দ্বিগু,

C. অব্যয়ীভাব, D. বহুব্রীহি ।

Banani Basak

43. 'অভি + ইষ্ট' – সন্ধি করো ।

A. অভিষ্টা, B. অভিষ্ট্ব,

C. অভীষ্ট, D. অভিষ্ঠ ।

44. সদ্যোজাত শব্দটির সন্ধি বিচ্ছেদ করো ।

A. সদ্ঃ জাত, B. সদ্যঃ + জাত,

C. সদ্য + জাত, D. সদ্যো + জাত ।

45. 'চাঁদ' - র তৎসম শব্দ কোনটি ?

A. শশী, B. চন্দ্রিমা,

C. চন্দ্র, D. শশধর ।

46. অনুজ - র বিপরীত শব্দ কোনটি ?

A. অগ্রজ, B. অগ্রজা,

C. ছোট, D. কনিষ্ঠ ।

47. 'জনকের পুত্রী' – এককথায় প্রকাশ করলে কী হবে ?

A. জানকী, B. জনকপুত্রী,

C. জাহ্নবী, D. জনক কন্যা ।

48. 'স্বদেশ' - র বিপরীত শব্দ কোনটি ?

A. নিজের দেশ, B. বিদেশ,

C. অন্য দেশ, D. দেশ ।

49. 'জল' - র পদ পরিবর্তন করো ।

A. জলপান, B. জাল,

C. জলীয়, D. জীবন্ত ।

50. 'রাষ্ট্রের পতি - রাষ্ট্রপতি' — কোন সমাসের উদাহরণ ?

A. বহুব্রীহি, B. অব্যয়ীভাব,

C. কর্মধারয়, D. তৎপুরুষ ।

Group - B

51. অতি সংক্ষেপে লেখো (যে কোন দশটি) **2 x 10 = 20**

A. কাদের জন্য রবীন্দ্রনাথের মনে সুখ ছিল না ?

B. তখন ডিনামাইটের ব্যবহার কিসের জন্য হতো ?

C. লেখক রাজবন্দীদের মধ্যে কোন্ জিনিস লক্ষ্য করেছেন ?

D. ট্রেভর বেইলী কোন্ নিয়ম অনুসারে আউট হয়েছিলেন ?

E. দীনেশ রায়ের রোয়াকে বসা ব্যক্তিদের কাউকেই চেনা যাচ্ছিল না কেন ?

F. 'অমৃতকুম্ভের সন্ধানে' পাঠটিতে বলরাম কে ছিল ?

G. 'প্রত্যাবর্তন' শব্দটির অর্থ কী ?

H. 'রাজবৈদ্য জীবক' পাঠটি কে লিখেছেন ?

I. 'অঙ্গুরী সংবাদ' পাঠ অবলম্বনে পবন নন্দন কে আর কী কী নামে সম্বোধন করা হয় লেখো । (যে কোন দুটি)

Barnali Basak

J. শ্রীমতী বধূ অমিতার কাছে এলে সে সময় তিনি কি করছিলেন ?

K. তোমার পাঠ্যপুস্তকে প্রেমেন্দ্র মিত্র লিখিত কবিতাটির নাম কী ?

L. পুজোর চিঠি কিসের মাধ্যমে কবির কাছে পৌঁছায় ?

M. 'কন্যা, তোমার মেঘবরণ কেশ' কবিতা অনুযায়ী কন্যার গলার হার কী দিয়ে তৈরি ?

N. 'গৃহ জ্বালাইলে অভাগা প্রজার বলো কোন্ রাজধরমে ?'
– 'সামান্য ক্ষতি' কবিতায় উক্তিটি কে কাকে করেছে ?

O. রঘুনাথ গুরুকে কী উপহার দিয়েছেন ?

52. সংক্ষেপে উত্তর দাও – **5 x 3 = 15**

A. **Elihu Root** এবং **Henri Lafontaine** কে ছিলেন ? এঁরা বিশ্বশান্তির জন্য কী করেছিলেন ?

অথবা

'বাতিওয়ালা' গল্পের লোকটি চৌরাস্তার ওপর বা মাঠের মাঝে দাঁড়ায় কি ভাবে টর্চ বিক্রি করতো ?

B. 'জননী জন্মভূমি' কবিতায় কবির জন্মভূমির প্রতি গভীর ভালোবাসা কিভাবে প্রকাশ পেয়েছে বুঝিয়ে লেখো ।

অথবা

'কন্যা, তোমার মেঘবরণ কেশ' কবিতাটিতে কবির কল্পনায় বর্ষার যে চঞ্চল রূপ ধরা পড়েছে, নিজের ভাষায় লেখো ।

C. 'নগরলক্ষ্মী' কবিতায় নগরলক্ষ্মী কে ? তাঁকে কেন নগরলক্ষ্মী বলা হয়েছে ?

অথবা

"কহিল রাজা, 'করিতে ধূলা দূর, জগৎ হল ধূলায় ভরপুর।' — রাজার একথা বলার কারণ কি ?

53. যে কোন একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো — **5**

A. তোমার প্রিয় ঋতু

B. জাতীয় সংহতি

C. সময়ের মূল্য

D. তোমার স্কুলের গ্রন্থাগার

E. স্ত্রীশিক্ষা

54. হিন্দীতে অনুবাদ করো — **5**

A. আমার কথা শোন ।

B. এটা কোন বই ?

C. আপনি নিজে এই কাজ করতে পারেন ।

D. আমরা হঠাৎ এখানে এসেছি ।

E. আমি রোজ দশটায় স্কুলে যাই ।

55. তোমার বন্ধু মাধ্যমিক পরীক্ষায় নিজের জেলায় প্রথম স্থান অধিকার করেছে।
তাকে অভিনন্দন জানিয়ে একটি পত্র লেখো।

অথবা

কালিদাস রঙ্গালয়ে রবীন্দ্র জন্মবার্ষিকী পালন উপলক্ষে একটি প্রতিবেদন লেখো ।

Baonali Basak

ANSWER SHEET

Group A

1.	B	2.	A	3.	C	4.	A
5.	C	6.	A	7.	B	8.	C
9.	A	10.	B	11.	D	12.	C
13.	A	14.	A	15.	B	16.	A
17.	D	18.	C	19.	B	20.	D
21.	C	22.	B	23.	A	24.	A
25.	C	26.	B	27.	B	28.	C
29.	B	30.	A	31.	A	32.	D
33.	C	34.	D	35.	B	36.	A
37.	A	38.	A	39.	C	40.	A
41.	C	42.	B	43.	C	44.	B
45.	C	46.	A	47.	A	48.	B
49.	C	50.	D				

Group - B

51. A. রবীন্দ্রনাথের সঙ্গে সঙ্গে যে পদাতিক সৈন্যরা তাঁর সমস্ত সুখ - সুবিধা দেখার জন্য লেগে থাকতো তাদের জন্য রবীন্দ্রনাথের মনে সুখ ছিল না ।

B. তখন ডিনামাইটের ব্যবহার পাথর ভাঙতে করা হতো ।

C. ক্রিকেট খেলার আইন - কানুনের ৩২ নম্বর আইন 'আউট অফ্ হিজ গ্রাউন্ড' নিয়ম অনুসারে ট্রেভর বেইলী আউট হয়েছিলেন ।

D. হ্যারিকেন লণ্ঠন নিবু নিবু অবস্থায় কমানো থাকার জন্য দীনেশ রায়ের রোয়াকে বসা ব্যক্তিদের কাউকেই চেনা যাচ্ছিল না।

F. বলরাম এক বিকলাঙ্গ ব্যক্তি ও ট্রেনের যাত্রী ।

G. প্রত্যাবর্তন মানে ফিরে আসা ।

H. 'রাজবৈদ্য জীবন' পাঠটি রাধিকারঞ্জন চক্রবর্ত্তী-র লেখা ।

I. হনুমান ও কপি

Barnali Basak

J. বধূ অমিতা স্বর্ণমুকুর সামনে রেখে চুল বাঁধছিলেন ।

K. 'ভৌগলিক' নামক কবিতাটি প্রেমেন্দ্র মিত্রের লেখা ।

L. একখানা মেঘের মাধ্যমে কবির কাছে পুজোর চিঠি পৌঁছায় ।

M. বিদ্যুতের ঝিলিক দিয়ে তৈরী কন্যার গলার হার ।

N. রাজা, রাজ মহিষীকে এই প্রশ্নটি করেছেন ।

O. রঘুনাথ গুরুকে সোনা মাণিক্যে জড়িত দুখানি বলয় উপহার দিয়েছেন ।

52. Elihu Root (১৮৪৫ - ১৯৩১) এবং Henri Lafontaine (১৮৫৪ - ১৯৪৩) ১৯১৩ খ্রীঃ শান্তির জন্য নোবেল পুরস্কার পান। দুজনেই আইনজীবি ছিলেন। Root ছিলেন আমেরিকার এবং Lafontaine ছিলেন বেলজিয়ান। Root আন্তর্জাতিক, বিশেষ করে মার্কিন ও দক্ষিণ আমেরিকার রাষ্ট্রগুলির সঙ্গে শান্তি ও সৌহার্দ্য স্থাপনের চেষ্টা করেন। নোবেল পুরস্কার পাওয়ার পরেও বিশ্বশান্তির জন্য তাঁর প্রচেষ্টা অনবরত চলছিল। Lafontaine - ও আন্তর্জাতিক বোঝা - পড়ার একনিষ্ঠ সমর্থক। ইনি হেগের (Hague) আন্তর্জাতিক শান্তি পরিষদের স্থায়ী সভাপতি ছিলেন।

অথবা

'বাতিওয়ালা' গল্পের লোকটি চৌরাস্তার উপর বা মাঠের মাঝে, দাঁড়িয়ে বেশ নাটকীয় ভঙ্গিতে লোকেদের ভিড়ে সূর্য ছাপ টর্চ বিক্রির জন্য নানা কথার ফাঁদ ফেলতো। নাটকীয় ভঙ্গিমায় বলতে থাকতো, আজকাল সব জায়গায় অন্ধকার ছেয়ে আছে। রাত গুলোও বড় কালো। নিজের হাতকে নিজেই চিনতে পারি না। লোকে পথ চিনতে ভুল করে। ফলে পথ হারিয়ে ফেলে। অন্ধকারে পায়ে কাঁটা ফোটা, হোঁচট খাওয়া, কেটে যাওয়া, ছড়ে গিয়ে রক্ত পড়া অতি স্বাভাবিক। চারিদিকের ভয়াবহ অন্ধকারে - নেকড়ে - চিতা ঘুরে বেড়ায়, পায়ের কাছে সাপ ফণা তুলে থাকে। শুধু বাইরে নয়, ঘরের ভিতরেও অন্ধকার। প্রয়োজনে রাত্রে ঘরের বাইরে যেতে গেলে সাপের গায়ে পা দেয় ফলে সাপের ছোবলে তার মৃত্যুও হয়। এইরকম নানা ভয়ের কথা বলে সে তার টর্চ বিক্রি করতো।

B. 'জননী জন্মভূমি' কবি সুভাষ মুখোপাধ্যায়ের একটি বিখ্যাত কবিতা। যিনি আমাদের জন্ম দেন তিনি জননী, আর সেখানে আমরা জন্মগ্রহণ করি, তা জন্মভূমি। দুজনেই আদরে আমাদের কোলে স্থান দেন। জননী ও জন্মভূমি সমার্থক। দুটি নাম একসঙ্গে উচ্চারিত হয়। জন্মভূমি জননীর প্রতি যে নিবিড় ভালবাসা, তাও অনুচ্চারিত এক বোধ, এক গভীর অনুভূতি। জন্মভূমির কোলেই বড় হয়ে ওঠা, সেখানে সর্বত্রই তাঁর স্মৃতি, তাঁর স্পর্শের চিহ্ন। সেই জন্মভূমিকে লাঞ্ছিত, আক্রান্ত হতে দেখে কবি দুঃখিত। শত্রুকে প্রতিহত করে জন্মভূমিকে নিজের মতো করে সাজিয়ে, ভালবাসায় ভরিয়ে দিতে চান। শুধু কথা নয়, নিরন্তর কর্মের মধ্যে দিয়ে এই ভালবাসার প্রকাশ ঘটবে বলে কবি মনে করেন।

অথবা

কবি মৃদুল দাশগুপ্তের কল্পনায় বর্ষা এক চঞ্চলা কন্যা কালো মেঘ তার কেশরাশি। অঙ্গে মেঘলা ধূসর রঙের চওড়া জড়ির পাড়ের শাড়ি। বিদ্যুতের ঝিলিক দিয়ে তৈরি গলার হার। বৃষ্টির টাপুর টুপুর শব্দ যেন চঞ্চলা কন্যার পায়ের নূপুর ধ্বনি। এই চঞ্চলা কন্যাকে কবি পৃথিবীর বুকে নাচতে দেখতে চান। গ্রীষ্মের তাপে দগ্ধ গাছপালাকে শীতল করার জন্য কন্যারূপী চঞ্চলা বর্ষাকে কবি ব্যাকুল ভাবে আহ্বান জানিয়েছেন।

C. 'নগরলক্ষ্মী' কবিতার নগরলক্ষ্মী অনাথ পিন্ডদ - কন্যা ভিক্ষুণী সুপ্রিয়া। দুর্ভিক্ষ পীড়িত নগরবাসীদের মধ্যে অন্ন বিতরণের ব্রত গ্রহণে সকলেই যখন নিজেদের অসামর্থ ও অক্ষমতার কথা জানাচ্ছে তখন একমাত্র ভিক্ষুণী সুপ্রিয়াই গভীর মমতা, আত্মবিশ্বাস ও বুদ্ধের প্রতি অকৃত্রিম ভক্তি বুকে নিয়ে এমন এক দুঃসাহসিক ব্রত পালনে এগিয়ে এসেছে। তার বিশ্বাস তার অন্নের ভান্ডার সঞ্চিত আছে ধনবানদের ভান্ডারে। তাদের সকলের সাহায্যে তার ভিক্ষাপাত্র পূর্ণ হবে এবং ক্ষুধার্ত নগরীকে বাঁচানো সম্ভব হবে। তাই তিনিই হলেন নগরের লক্ষ্মীস্বরূপ, তাঁর ভিক্ষাপাত্রই অন্নপূর্ণার পাত্ররূপে দেখা দিল।

অথবা

রাজার আদেশ তাঁর পায়ে যাতে ধূলা না লাগে তার উপায় বের করতে হবে। মন্ত্রী ও রাজ্যের সেরা - সেরা পন্ডিত ও যন্ত্রবিদরা এই সমস্যার

Barnali Basak

সমাধান করতে হিমসিম খেতে লাগলেন। অবশেষে সকলে যুক্তি করে সাড়ে সতেরো লক্ষ ঝাঁটা কিনে পথের ধূলা দূর করতে লাগলে, ঝাঁটের চোটে ধূলা এসে রাজার মুখ - বুক ভরিয়ে ফেলন। অবস্থা এমন হলো যে ধূলায় কেউ চোখ খুলতে পারে না। ধূলার অন্ধকারে সূর্য ও যেন ঢাকা পড়ে গেল। ধূলার বেগে কাশিতে লোকের দম বন্ধ হওয়ার জোগাড় হলো। নগর ধূলাতে ডুবে গেল। এই পরিস্থিতিতে রাজা ক্রুদ্ধ হয়ে বলেছেন, ধূলা রোধ করতে গিয়ে জগৎটাই ধূলায় ভরে গেল।

53. অনুচ্ছেদগুলির সূত্র দেওয়া হলো —

A. সূচনা – সময় - প্রাকৃতিক বর্ণনা – উৎপন্ন দ্রব্য - উৎসব – সুবিধা – কেন প্রিয় – উপসংহার।

B. সূচনা – জাতীয় সংহতির প্রয়োজনীয়তা – পরিস্থিতি – জাতীয় সংহতি রক্ষার উপায় – ভারতের ঐতিহ্য ও জাতীয় সংহতি।

C. ভূমিকা – সময়ের অপব্যয় জীবনের অপব্যয় – সময়ই সম্পদ – সময়ের সদ্ব্যবহার – উপসংহার।

D. ভূমিকা – বিভিন্ন শ্রেণির গ্রন্থের বর্ণনা – গ্রন্থাগার সম্বন্ধিত নিয়ম – গ্রন্থাগার সম্বন্ধিত সভা – উপযোগিতা – উপসংহার।

E. সূচনা – পূর্বকালের স্ত্রীশিক্ষা – আধুনিক কালের স্ত্রীশিক্ষা – প্রধান প্রতিষ্ঠান – স্ত্রীশিক্ষার সমাজের উন্নতি – পরিবারের উন্নতি – উপসংহার।

54, A. मेरी बात सुनो।

B. यह कोन सी किताब है

C. आप खुद यह काम कर सकते है।

D. हम अचानक यहाँ आये है।

E. मैं रोज दस बजे स्कूल जाता हूँ।

55. প্রিয়

অনুজ,

তোমার মাধ্যমিক পরীক্ষার জন্য তোমাকে বেশ কিছুদিন চিঠি লেখা হয়নি। এরই মধ্যে তোমার পরীক্ষার ফলাফলও প্রকাশিত হয়ে গেছে। আমাদের জেলায় তুমি প্রথম স্থান অধিকার করেছো, এজন্য তোমাকে অশেষ ও আন্তরিক অভিনন্দন। তোমার পরীক্ষার ফল আমাদেরও গর্বিত করেছে। দৈনিক সংবাদ পত্রে তোমার ফটোসহ ফলাফল দেখে আমরা সবাই খুব আনন্দিত হয়েছি। আমাদের সবার তরফ থেকে তোমাকে আবারও অভিনন্দন জানাই। আগামী পরীক্ষাগুলিতে তুমি এভাবেই এগিয়ে যাবে বলে আমাদের পূর্ণ বিশ্বাস।

আশাকরি তোমরা সকলে ভাল আছো। আমরাও ভালো আছি। গুরুজনদের আমার প্রণাম দিও তুমি ও ছোটরা ভালবাসা নিও।

ইতি

বন্দনা

অথবা

রবীন্দ্র ভবনে রবীন্দ্র জন্মবার্ষিকী পালন।

নিজস্ব সংবাদদাতা, শুক্রবার, ৯মে ২০১৭, পাটনাঃ স্থানীয় রবীন্দ্র ভবনে শুক্রবার সন্ধ্যায় কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৬ তম জন্মবার্ষিকীতে রবীন্দ্রনাথের প্রেম পর্যায়ের গানগুলি পরিবেশন করে পালন করা হয়। একদিকে গানের সঙ্গে তাল মিলিয়ে নাচ, সেইসঙ্গে তার ব্যাখ্যা শ্রোতাদের মন্ত্রমুগ্ধ করে রাখে। 'রবিচিন্তন' নামক সংস্থার শিল্পীরা সম্পূর্ণ আয়োজনটি প্রস্তুত করে রবীন্দ্রনাথকে স্মরণ ও প্রণাম জানান।

Baonali Basak